দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 24 2000
পৃষ্ঠা ১৫ কলাম ৫

12

# ১লা ফেব্রুয়ারী বুক ক্লাবের বই দিবস

**ইত্তেফাক রিপোর্ট** ॥ বাংলাদেশ বুক ক্লাব আগামী ১লা ফেব্রুয়ারী বই দিবস পালন করিবে। এই উপলক্ষে বুক ক্লাব ঐদিন সকাল ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনার হইতে প্রেসক্লাব পর্যন্ত পদযাত্রা কর্মসূচী গ্রহণ করিয়াছে। এবারের বই দিবসের শ্লোগান ইইল, 'বই পড়, দেশ গড়'।

গতকাল বুক ক্লাবের উদ্যোগে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই কর্মসূচী ঘোষণা করা হয়। ক্লাবের সভাপতি শেখ আকরাম আলী, হুসনে আরা কামাল, কবি রেজাউদ্দিন ষ্টালিন, পারভীন আলিম প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। বই পড়া আন্দোলনে বিশেষ অবদান রাখার জন্য বিশ্ব সাহিত্য কেন্দ্রে পরিচালক অধ্যাপক আবদুল্লাহ্ আবু সায়ীদকে 'বই দিবস পদক ২০০০' সোনার বই সম্মাননা দেওয়া হইবে।